



SWIS-H
STATEWIDE INFANT
SCREENING - HEARING



কেন আমার শিশুর একটি পুনরায় শ্রবণ স্ক্রিনিং প্রয়োজন?

অনেক শিশুদের একটি পুনরায় স্ক্রিনিং-এর প্রয়োজন হয়।

তার মানে এটি মনে করার কারণ নাই যে আপনার শিশুর শ্রবণহীনতা রয়েছে। এই ফলাফলের অন্যান্য কারণ থাকতে পারে।

পুনরায় স্ক্রিনিং প্রয়োজনের সবচেয়ে সাধারণ কারণ হলো জন্মের পর শিশুর কানে তরল বা প্রতিবন্ধকতা থাকা।

অনেক ক্ষেত্রে পুনরায় শ্রবণের পরীক্ষা আপনি এবং আপনার শিশু হাসপাতাল ছাড়ার পূর্বে করা হবে।

আপনি এবং আপনার শিশু হাসপাতালে থাকাকালীন যদি স্ক্রিনিং করা সম্ভব না হয়, তাহলে হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পর পরই, বাইরের রোগী হিসাবে অথবা আপনার স্থানীয় এলাকায় পুনরায় আপনার শিশুর জন্য স্ক্রিনিং করা হবে।

যিনি আপনাকে এই তথ্যপুস্তিকা দিয়েছেন তিনি আপনাকে উপদেশ দিবেন কখন এবং কোথায় পুনরায় শ্রবণের স্ক্রিনিং হবে।

ফলাফল

শ্রবণ স্ক্রিনিং সম্পূর্ণ হওয়ার সাথে সাথে, ফলাফল আপনার কাছে ব্যাখ্যা করা হবে এবং আপনার শিশুর ব্যক্তিগত স্বাস্থ্য রেকর্ডে (নীল বই) লিপিবদ্ধ করা হবে।

যদি পুনরায় শ্রবণ স্ক্রিনিং কোন পরিষ্কার ফলাফল না দেখায়, তাহলে একজন অডিওলজিস্ট দ্বারা শ্রবণের রোগ মূল্যায়নের জন্য আপনার শিশুকে পাঠানো হবে। একজন অডিওলজিস্ট শ্রবণের পরীক্ষার ব্যাপারে বিশেষজ্ঞ।

আপনার শিশু কত ভালোভাবে শুনতে পারে সেটি যত দ্রুত সম্ভব জানা দরকার যাতে করে আপনি এবং আপনার শিশু সঠিক উপদেশ এবং সাহায্য পেতে পারেন।

আরো তথ্যের জন্য নিউ সাউথ ওয়েলস্ শিশু এবং পরিবার-এ যোগাযোগ করুন:

<http://www.health.nsw.gov.au/kids-families>

স্থানীয়ভাবে যোগাযোগ/ সাজাতকারের বিবরণ

স্বাস্থ্য সম্বন্ধীয় উপদেশের জন্য *healthdirect Australia*

<http://www.healthdirect.gov.au/>

অথবা **1800 022 222** নাম্বারে যোগাযোগ করুন

